

ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

অত্যন্তরীণ ডেক

গত ৪ জানুয়ারী ছিল ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী। দেশের বিভিন্ন জেলা ও উপজেলায় বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এ দিনটি উদযাপিত হয়। দিনের কর্মসূচীর মধ্যে ছিল, কেক কাটা, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ, দলীয় কার্যালয়ে দলীয় ও জাতীয় পতাকা উত্তোলন, র্যালি ও আলোচনা সভা। এ সম্পর্কে সংবাদদাতাদের পাঠানো ববর

শরীয়তপুর-জেলা সংবাদদাতা জানান বাংলাদেশ ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী শরীয়তপুর জেলা সদরসহ অপর ৫ উপজেলা সদরে বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে পালিত হয়। কর্মসূচীর মধ্যে ছিল কেক কাটা, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ, দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা।

জেলা ছাত্রলীগের সভাপতি আলমগীর হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি আবদুর রব মুন্সী, পৌরসভা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম মিল্টন পাহাড়, যুবলীগের সভাপতি জাহাঙ্গীর হোসেন মুখা, ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান পাহাড়, শহিদুল ইসলাম কোতোয়াল, শাখাওয়াত হোসেন প্রমুখ।

ভেদরগঞ্জ (শরীয়তপুর) উপজেলা সংবাদদাতা জানান বাংলাদেশ ছাত্রলীগ ভেদরগঞ্জ উপজেলা শাখা ৪ জানুয়ারী বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে সংগঠনে ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করে। কর্মসূচীর মধ্যে ছিল, কেক কাটা, জাতীয় দলীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ, র্যালি ও আলোচনা সভা।

দুপুরে দলীয় কার্যালয়ে উপজেলা ছাত্রলীগের সভাপতি হারুন রাড়ীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অনল কুমার দে। বক্তব্য রাখেন আবদুল হাই মিয়া, আবদুল মন্নান রাড়ী, আবদুল মন্নান বেপারী, ফিরোজ খান প্রমুখ।

ঘাটাইল (টাঙ্গাইল) উপজেলা সংবাদদাতা জানান ঘাটাইলে ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী যথযথভাবে পালিত হয়েছে। এ উপলক্ষে ঘাটাইল উপজেলা ছাত্রলীগ গত বুধবার সকালে বর্ণাঢ্য র্যালি ও সমাবেশের আয়োজন করে। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ঘাটাইল বাসস্ট্যান্ড চত্বরে এসে শেষ হয়। র্যালি শেষে ঘাটাইল বাসস্ট্যান্ডে আয়োজিত সমাবেশে প্রধান অতিথি ছিলেন টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক এমপি শামসুর রহমান খান শাহজাহান। উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক আবু মুন্সার ছানার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক এডভোকেট এস আকবর খান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আজমল হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি সাবেক পৌর সভার চেয়ারম্যান মোঃ হাসান আলী, ছাত্রলীগ নেতা লিটন সরকার, কফিলুর রহমান ভূটান, জুলফিকার আলী প্রমুখ।

গফরগাঁও (ময়মনসিংহ) উপজেলা সংবাদদাতা জানান গত বুধবার এখানে বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে বাংলাদেশ ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে।

খান ছাত্রলীগ এ উপলক্ষে নিজস্ব কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন ছাত্রলীগ নেতা তারিকুল ইসলাম রিয়েল। স্থানীয় আওয়ামী লীগ, কৃষক লীগ, যুবলীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ এতে বক্তব্য রাখেন। পরে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। দিনব্যাপী প্রচার করা হয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ।

মধুপুর (টাঙ্গাইল) উপজেলা সংবাদদাতা জানান মধুপুরে বাংলাদেশ ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গত ৪ জানুয়ারী মধুপুর উপজেলা ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ব্যাপক কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল সকাল ৬টায় দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, ৯টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মিলাদ মাহফিল ও আলোচনা সভা। দলীয় কার্যালয়ে উপজেলা ছাত্রলীগের সভাপতি শরিফ আহমেদ নাসিরের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম বাবলু, ছাত্রলীগ নেতা শেখ ফরিদ, মোশারফ হোসেন বাবলু, মাজেদুল ইসলাম মালেক, দেলোয়ার হোসেন বিদ্যুৎ, মোখলেছুর রহমান, সূজন, বাবর, জাহাঙ্গীর আলম, সেলিম আহমেদ প্রমুখ। এর পূর্বে একটি র্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

মাগুরা জেলা সংবাদদাতা জানান ছাত্রলীগের ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মাগুরা জেলা ছাত্রলীগ গত বুধবার স্থানীয় নোমানী ময়দানে আলোচনা সভা ও শহরে র্যালি বের করে। জেলা ছাত্রলীগের সভাপতি মইনুল ইসলাম পলাশের সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় জেলা আওয়ামী লীগ সভাপতি আলতাফ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আ'লীগ নেতা আবুল ফাওয়াজ, আবু নাসির বাবলু, যুবলীগের আহ্বায়ক এনামুল হক হীরক, জেলা ছাত্রলীগ সম্পাদক বাবুল হোসেন বাবু প্রমুখ।

বাউফল (পটুয়াখালী) উপজেলা সংবাদদাতা জানান গত বুধবার বাংলাদেশ ছাত্রলীগের ৫৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি বাউফল সদরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে আওয়ামী লীগ কার্যালয় জনতা ভবন প্রাঙ্গণে এক সমাবেশে মিলিত হয়। বাউফল উপজেলা ছাত্রলীগের সভাপতি ইব্রাহিম বলিলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সামসুল আলম মিয়া, মোশারফ হোসেন খান, আবুল কালাম খান, ইব্রাহিম ফারুক, আনিসুর রহমান, মনির হোসেন মোল্লা, আনোয়ার হোসেন, শাহজাহান সিরাজ, শফিকুল ইসলাম শিপন, মাসুম খান প্রমুখ।

ইসলামপুর (জামালপুর) উপজেলা সংবাদদাতা জানান গত বুধবার ইসলামপুরে ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে স্থানীয় বটতলা চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা ছাত্রলীগের সভাপতি জিয়াউল হক জুয়েলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আ'লীগের সভাপতি পৌর চেয়ারম্যান জিয়াউল হক জিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান ফরিদুল হক খান দুলাল। অন্যদের মাঝে বক্তব্য রাখেন চারলেছ চৌধুরী, খলিলুর রহমান, সরদার মাকছুর রহমান লাভলু, সরদার হাফিজুল হক, ফরহাদ হোসেন প্রমুখ। অনুষ্ঠান শেষে পৌর এলাকার প্রধান প্রধান সড়কে এক র্যালি অনুষ্ঠিত হয়েছে।